

# শ্রীপৎ সিং কলেজ প্রাক্তনী মঞ্চ ঐক্যতান এর পূর্ণর্মিলন

ঋষি পাণ্ডে, জিয়াগঞ্জ ঃ-গত ২৫শে ফেব্রুয়ারী ২০২৪ জিয়াগঞ্জ শ্রীপৎ সিং কলেজের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের পূর্ণর্মিলনী অনুষ্ঠান । হয়ে গেল সকাল এগারটায় কলেজের হোস্টেল মাঠের চারদিকে বৃক্ষরোপণের মাধ্যমে মিলনোৎসবের শুরু । দুপুর থেকে কলেজের রবীন্দ্র সভা গৃহে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় । প্রাক্তনীদের আলোচনায় শুধু মাত্র নিজেদের কলেজ বেলার স্মৃতিচারণই উঠে আসেনি বর্তমান আর্থ-সামাজিক-রাজনৈতিক দিক গুলোও আলোচিত হয়েছে । বিশেষ করে আগামী দিনের কলেজ পড়ুয়া বা ডিগ্রীধারীদের যে অনিশ্চয়তার জীবন, চাকুরীজনিত সুযোগ সুবিধার সংকোচন এই রূপ অবস্থায় প্রাক্তনীরা বর্তমান প্রজন্মকে কী ভাবে সহযোগিতা করতে পারে এ ব্যাপারেও আলোচনা করা হয় । ভবিষ্যতে প্রাক্তনীরা কলেজ, বর্তমান ছাত্র-ছাত্রী এবং সংশ্লিষ্ট সবার কল্যাণে কী কী ভূমিকা এবং কী ভাবে তা তারা নিতে পারে, তার জন্য আরো আরো প্রাক্তনীদের অংশগ্রহণ ও মত বিনিময়ের আহ্বান জানান ।